

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৮০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৩. দ্বিতীয় অনুচ্ছেদ - রুকু'

আরবী

وَعَنْ عَوْنِ بْنِ عَبْدِ اللَّهِ عَنِ ابْنِ مَسْعُودٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِذَا رَكَعَ أَحَدُكُمْ فَقَالَ فِي رُكُوعِهِ: سُبْحَانَ رَبِّيَ الْعَظِيمِ ثَلَاثَ مَرَّاتٍ فَقَدْ تَمَّ رُكُوعُهُ وَذَلِكَ أَدْنَاهُ وَإِذَا سَجَدَ فَقَالَ فِي سُجُودِهِ سُبْحَانَ رَبِّيَ الْأَعْلَى ثَلَاثَ مَرَّاتٍ فَقَدْ تَمَّ سُجُودُهُ وَذَلِكَ أَدْنَاهُ وَإِذَا سَجَدَ فَقَالَ فِي سُجُودِهِ سُبْحَانَ رَبِّيَ الْأَعْلَى ثَلَاثَ مَرَّاتٍ فَقَدْ تَمَّ سُجُودُهُ وَذَلِكَ أَدْنَاهُ . رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُد ابْن مَاجَهْ. وَقَالَ التِّرْمِذِيُّ: لَيْسَ إِسْنَادُهُ بِمُتَّصِلٍ لِأَنَّ عَونا لم يلق ابْن مَسْعُود

বাংলা

৮৮০-[১৩] 'আওন ইবনু 'আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি ইবনু মাস্'উদ (রাঃ) হতে বর্ণনা করেছেন যে, তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ যখন রুকৃ' করবে সে যেন রুকৃ'তে তিনবার ''সুবহা-না রব্বিয়াল 'আযীম'' পড়ে। তাহলে তার রুকৃ' পূর্ণ হবে। আর এটা হলো সর্বনিম্ন সংখ্যা। এভাবে যখন সিজদা (সিজদা/সেজদা) করবে, সাজদায়ও যেন তিনবার ''সুবহা-না রব্বিয়াল আ'লা-'' পড়ে। তাহলে তার সিজদা (সিজদা/সেজদা) পূর্ণ হবে। আর তিনবার হলো কমপক্ষে পড়া। (তিরমিয়ী, আবূ দাউদ ও ইবনু মাজাহ্;[1]

ইমাম তিরমিয়ী বলেন, এর সানাদ মুক্তাসিল নয়। কেননা 'আওন (রহঃ) ইবনু মাস্'ঊদ (রাঃ)-এর সাথে সাক্ষাৎ হয়নি।

ফুটনোট

[1] য'ঈফ : আবূ দাঊদ ৮৮৬, তিরমিয়ী ২৬১, ইবনু মাজাহ্ ৮৯০, য'ঈফ আল জামি' ৫২৫। দু'টি কারণেঃ প্রথমত 'আওন এবং ইবনু মাস্'ঊদ-এর মাঝে বিচ্ছিন্নতা, দ্বিতীয়ত ইসাহক বিন ইয়াযীদ একজন অপরিচিত রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ইমাম শাওকানী বলেন, নির্দিষ্ট পরিপূর্ণ সংখ্যা নির্ধারণের ব্যাপারে কোন দলীল নেই। বরং সালাত



(সালাত/নামায/নামাজ) দীর্ঘ সময় ধরে পড়ার পরিমাপ অনুযায়ী বেশি বেশি তাসবীহ পড়া দরকার। সামনে বিস্তারিত আলোচনা আসবে।

ইবনু মাস্'উদ (রাঃ)-এর হাদীস প্রমাণ করে সালাত (সালাত/নামায/নামাজ) আদায়কারী ব্যক্তি রুকূ' ও সাজদায় তিনের কম যেন তাসবীহ না পড়ে- এ ব্যাপারে হুযায়ফার হাদীসও প্রমাণ করে যেখানে তিনি বলেন, আমি [হুযায়ফাহ্ (রাঃ)] রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে শুনেছি যখন তিনি রুকূ'তে যেতেন ''সুবহা-না রিবিয়াল 'আযীম'' তিনবার বলতেন আর সাজদায় ''সুবহা-না রিবিয়াল আ'লা-'' তিনবার বলতেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55439

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন